



এক পরীক্ষার ৩ প্রশ্নপত্র

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের অনার্স ফাইনালের একটি পরীক্ষায় পরীক্ষার্থীদের মধ্যে একটি প্রশ্নপত্রের পরিবর্তে ৩টি প্রশ্নপত্র বিতরণ করায় ছাত্র-শিক্ষকদের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। জানা যায়, গত সপ্তাহে অনুষ্ঠিত সমাজ বিজ্ঞানের ৪০৪ নম্বর কোর্সের পরীক্ষার প্রশ্নপত্রে ১০টি প্রশ্ন থাকার কথা থাকলেও ৮টি প্রশ্ন সংবলিত প্রশ্নপত্র দেয়া হয়। পরীক্ষার কক্ষে ছাত্র-ছাত্রীরা ছলছল শুরু করলে ঘন্টাখানেক পর ২টি প্রশ্ন হাতে লিখে ফটোকপি করে দেন বিভাগের শিক্ষকরা। পরে ৩০ মিনিট বাকী থাকতে সম্পূর্ণ প্রশ্নপত্র নতুন করে কম্পোজ করে ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণ করা হয়। দীর্ঘক্ষণ পর প্রশ্নপত্র দেয়ায় অনেক ছাত্র-ছাত্রীই ঠিকমতো উত্তর দিতে পারেনি। জানা যায়, পরীক্ষা কমিটির শিক্ষকের অবহেলার কারণে এমনটি হয়েছে।